দ্রুততর পদ্ধতি সম্পর্কিত তথ্যপত্র

BENGALESE - বাংলা

আপনার আন্তর্জাতিক সুরক্ষার আবেদনটি একটি "**দ্রুত পদ্ধতিতে**" পরীক্ষা করা হবে। এর মানে হলো, আপনার আবেদনটি যত তাড়াতাড়ি সম্ভব পরীক্ষা করা হবে এবং আবেদন জমা দেওয়ার **আনুষ্ঠানিক প্রক্রিয়া শেষ হওয়ার পর ৩ মাসের মধ্যে সিদ্ধান্ত নেওয়া হবে।**

নিচের যেকোনো একটি কারণ থাকলে আপনার আবেদনটি দ্রুত পদ্ধতিতে পরীক্ষা করা হবে:

- আপনি যখন আপনার আবেদনটি আনুষ্ঠানিকভাবে জমা দিয়েছেন, তখন এমন কিছু বিষয় বলেছেন, যেগুলোর সঙ্গে আন্তর্জাতিক সুরক্ষা পাওয়ার কোনো সম্পর্ক নেই;
- আপনি এমন কথা বলেছেন, যেগুলো স্পষ্টভাবে একে অপরের সঙ্গে মেলে না, পরস্পরবিরোধী, মিথ্যা বা বিশ্বাস করা কঠিন। অথবা আপনার নিজের দেশ সম্পর্কে যে তথ্য পাওয়া যায়, আপনার কথা তার সঙ্গে স্পষ্টভাবে মেলে না;
- আপনার কাছে সঠিক কারণ দেখানোর সুযোগ থাকা সত্ত্বেও, আপনি ইচ্ছা করে কর্তৃপক্ষকে ভুল তথ্য দিয়েছেন। যেমন, মিথ্যা তথ্য বা জাল কাগজপত্র জমা দিয়েছেন, গুরুত্বপূর্ণ তথ্য গোপন করেছেন—বিশেষ করে আপনার পরিচয় ও জাতীয়তা সম্পর্কে—অথবা অসৎ উদ্দেশ্যে গুরুত্বপূর্ণ কাগজপত্র ইচ্ছা করে নষ্ট করেছেন বা লুকিয়ে রেখেছেন;
- আপনাকে ইতালি থেকে বের করে দেওয়ার সিদ্ধান্ত কার্যকর করতে দেরি করানো, বাধা দেওয়া বা তা আটকানোর উদ্দেশ্যেই আপনি আন্তর্জাতিক সুরক্ষার আবেদন করেছেন;
- আপনি এমন একটি দেশ থেকে এসেছেন, যেটিকে ইতালি বা ইউরোপীয় ইউনিয়ন নিরাপদ দেশ হিসেবে বিবেচনা করে;
- আপনাকে জাতীয় নিরাপত্তা বা জনশৃঙ্খলার জন্য বিপজ্জনক মনে করার যথেষ্ট কারণ রয়েছে, অথবা জাতীয় নিরাপত্তা বা জনশৃঙ্খলার গুরুতর কারণে আপনাকে আগেই ইতালি থেকে বহিষ্কার করা হয়েছে;
- আপনি আবার আন্তর্জাতিক সুরক্ষার আবেদন করেছেন এবং সেই আবেদনটি গ্রহণযোগ্য বলে বিবেচিত হয়েছে;
- আপনি অবৈধভাবে ইতালিতে প্রবেশ করেছেন অথবা অনুমতির মেয়াদ শেষ হওয়ার পরও অবৈধভাবে ইতালিতে থেকেছেন। কোনো উপযুক্ত কারণ ছাড়াই আপনি সময়মতো সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে হাজির হননি বা যত তাড়াতাড়ি সম্ভব আন্তর্জাতিক সুরক্ষার আবেদন করেননি;
- আপনি বৈধভাবে ইতালিতে প্রবেশ করেছেন, কিন্তু কোনো উপযুক্ত কারণ ছাড়াই যত তাড়াতাড়ি সম্ভব আন্তর্জাতিক সুরক্ষার আবেদন করেননি। তবে, আপনি নিজের দেশ ছেড়ে অন্য দেশে থাকার সময় যদি নতুন কোনো কারণে আন্তর্জাতিক সুরক্ষার প্রয়োজন দেখা দেয় ("*sur place*"), তাহলে এই নিয়ম আপনার ক্ষেত্রে প্রযোজ্য হবে না;
- আপনি এমন একটি দেশ থেকে এসেছেন, যেখানকার মানুষের আন্তর্জাতিক সুরক্ষা পাওয়ার হার ইউরোপীয় ইউনিয়নের সর্বশেষ বার্ষিক গড় Eurostat তথ্য অনুযায়ী ২০% বা তার কম। তবে, আপনার দেশে উল্লেখযোগ্য পরিবর্তন ঘটে থাকলে অথবা আপনি বিশেষ সুরক্ষার প্রয়োজন রয়েছে এমন কোনো শ্রেণির মানুষের অন্তর্ভুক্ত হলে এই নিয়ম প্রযোজ্য হবে না।

প্রথম পর্যায়ের সিদ্ধান্ত ও চূড়ান্ত সিদ্ধান্তের মধ্যে উল্লেখযোগ্য পার্থক্য থাকলেও তা বিবেচনা করা হবে।

আপনার আবেদনটি দ্রুত পদ্ধতিতে পরীক্ষা করা হলেও, **আঞ্চলিক কমিশন আপনার সুরক্ষার প্রয়োজন আছে কি না, তা সম্পূর্ণভাবে যাচাই করবে**। কমিশন যদি মনে করে যে আপনার আবেদনটি জটিল এবং পরীক্ষা করতে আরও সময় লাগবে, তাহলে তারা পদ্ধতি পরিবর্তন করে সাধারণ পদ্ধতিতে আপনার আবেদন পরীক্ষা করতে পারে। সাধারণ পদ্ধতিতে সিদ্ধান্ত নিতে সাধারণত আবেদন আনুষ্ঠানিকভাবে নথিভুক্ত হওয়ার তারিখ থেকে ৬ মাস সময় লাগে। তবে, এই সময় আরও বাড়তে পারে।

আপনার যদি বিশেষ ধরনের সহায়তার প্রয়োজন হয়, তাহলে আপনার আবেদন পরীক্ষা করার সময় আঞ্চলিক কমিশন আপনাকে প্রয়োজনীয় সহায়তা দেবে।

বিশেষ করে, আপনি যদি ঝুঁকিপূর্ণ অবস্থায় থাকা মানুষের কোনো শ্রেণির অন্তর্ভুক্ত হন, তাহলে এই সহায়তা দেওয়া হতে পারে। যেমন, **আপনার শারীরিক বা মানসিক স্বাস্থ্য সমস্যা আছে, এমন কোনো অসুবিধা আছে যার কারণে আপনি কিছু কাজ নিজে করতে পারেন না, আপনি প্রতিবন্ধী, অথবা আপনি নির্যাতন বা গুরুতর মানসিক, শারীরিক, যৌন কিংবা লিঙ্গভিত্তিক সহিংসতার শিকার হয়েছেন।** এসব ক্ষেত্রে, দ্রুত পদ্ধতিতে আবেদন পরীক্ষা করার সময় কমিশন যদি মনে করে যে আপনাকে প্রয়োজনীয় সহায়তা দেওয়া সম্ভব নয়, তাহলে তারা আপনার আবেদন সাধারণ পদ্ধতিতে পরীক্ষা করার সিদ্ধান্ত নিতে পারে।

আপনি যদি উপরে উল্লেখ করা কোনো শ্রেণির অন্তর্ভুক্ত হন, তাহলে আপনার বিশেষ প্রয়োজনের কথা আপনার আবেদন নথিভুক্তকারী জননিরাপত্তা কর্তৃপক্ষকে জানানো খুবই গুরুত্বপূর্ণ। পাশাপাশি, আবেদন আনুষ্ঠানিকভাবে নথিভুক্ত করার অনলাইন ফর্মে আপনার ঝুঁকিপূর্ণ অবস্থা এবং/অথবা বিশেষ প্রয়োজনের কথা উল্লেখ করুন। এ-সম্পর্কিত কোনো কাগজপত্র আপনার কাছে থাকলে, সেগুলোও ফর্মের সঙ্গে জমা দিন। এসব ক্ষেত্রে আঞ্চলিক কমিশন আপনার আবেদন সাধারণ পদ্ধতিতে পরীক্ষা করার সিদ্ধান্ত নিতে পারে এবং কোন পদ্ধতিতে আপনার আবেদন পরীক্ষা করা হবে, তা আপনাকে জানাবে।

আঞ্চলিক কমিশন যদি আপনার আন্তর্জাতিক সুরক্ষার আবেদন প্রত্যাখ্যান করে এবং আপনি মনে করেন যে সিদ্ধান্তটি ভুল, তাহলে আপনার দেওয়ানি আদালতে আপিল করার অধিকার আছে।

আপিল করার জন্য একজন আইনজীবীর সহায়তা প্রয়োজন। তবে, রাষ্ট্রের খরচে বিনামূল্যে আইনি সহায়তা পাওয়ার সুযোগ রয়েছে। আপিল করার শর্তগুলো সাধারণ পদ্ধতিতে আবেদন পরীক্ষা-সংক্রান্ত যে তথ্যপুস্তিকাটি এই কাগজের সঙ্গে আপনাকে দেওয়া হয়েছে, তাতে ব্যাখ্যা করা আছে।

তবে, আপনার ক্ষেত্রে দ্রুত পদ্ধতি প্রয়োগ করা হলে, আঞ্চলিক কমিশনের সিদ্ধান্ত পাওয়ার তারিখ থেকে **৭ দিনের মধ্যে** আপিল করতে হবে।

এছাড়াও, শুধু আপিল করলেই ইতালিতে থাকার অধিকার নিশ্চিত হয় না। বিচারকের সামনে মামলা চলাকালে আপনি ইতালিতে থাকতে চাইলে, আপিলের আবেদনে আপনাকে স্পষ্টভাবে ইতালিতে থাকার অনুমতি চাইতে হবে।

মামলা চলাকালে আপনার ইতালিতে থাকার অধিকার আছে কি না, বিচারক **১০ দিনের মধ্যে** সিদ্ধান্ত নেবেন। এছাড়াও, আপনার আন্তর্জাতিক সুরক্ষার আবেদনের বিষয়ে বিচারক **৪ মাসের মধ্যে** সিদ্ধান্ত নেবেন।

এই পদ্ধতি সম্পর্কে অন্যান্য তথ্যের জন্য, এই কাগজের সঙ্গে আপনাকে দেওয়া সাধারণ পদ্ধতি-সংক্রান্ত তথ্যপুস্তিকাটি দেখুন।